

# দুয়ারে সরকার ক্যাম্পনে রূপশ্রী বিষয়ক কর্মসূচি নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তর

## রূপশ্রী হেল্প ডেস্ক-এ কি কি থাকবে?

রূপশ্রী প্রকল্পের হেল্প ডেস্ক-এ নিম্নলিখিত জিনিসগুলো থাকবে-

- অভিযোগের সমাধান করার জন্য ডেস্কটপ/ল্যাপটপ ও ইন্টারনেটের জন্য ডঙ্গল (Dongle),
- রূপশ্রীর ফর্ম,
- রূপশ্রীর IEC (তথ্যসহ ব্যানার/পোস্টার/লিফলেট),
- রূপশ্রীর ফর্ম জমা দেওয়ার সময় যে যে নথি দরকার তার তালিকা,
- প্রয়োজনীয় স্টেশনারি।

## রূপশ্রী হেল্প ডেস্ক থেকে কি কি পরিষেবা দেওয়া হবে?

ক) যদি কেউ রূপশ্রী প্রকল্প সম্পর্কে জানতে চায়, তাদেরকে সেই সব তথ্য সরবরাহ করতে হবে।

খ) যদি কেউ রূপশ্রী প্রকল্পে আবেদন করতে চায়, তাদের রূপশ্রীর ফর্ম ও প্রয়োজনীয় নথির তালিকা দিতে হবে।

গ) যদি কেউ কোনো অভিযোগ নিয়ে আসে, তবে তার রূপশ্রী ফর্ম নং নিয়ে রূপশ্রী পোর্টালের সাহায্যে সমাধান করতে হবে।

## হেল্প ডেস্ক-এ কারা থাকবেন ?

- রূপশ্রী প্রকল্পের ডাটা এনট্রি অপারেটর ও অ্যাকাউন্টেন্ট ডেস্কে বসবেন। তাদের সঙ্গে থাকবেন ব্লকের এক্সটেনশন অফিসার ও অন্যান্য কর্মীরা।
- ক্যাম্প সুপারভাইজার হিসেবে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কয়েকজন সিনিয়র অফিসার নিয়োগ করবেন।

## রূপশ্রী প্রকল্পের গাইডলাইন - একনজরে:-

২০১৮ সালের ১ এপ্রিল থেকে পশ্চিমবঙ্গ সরকার রূপশ্রী প্রকল্প চালু করেন। মেয়েদের বিয়ের সময় দরিদ্র পরিবারের আর্থিক সমস্যার সমাধানের জন্য এই প্রকল্প চালু হয়। যোগ্য আবেদনকারী তার বিয়ের আগে টাকা পেয়ে যান।

## রূপশ্রী প্রকল্পের উপভোক্তাদের নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন হতে হবে:

যে কোনও অবিবাহিতা মেয়ে

(ক) বয়স অন্ততঃ ১৮ বছর হতে হবে এবং

(খ) আবেদনপত্র জমা করার সময় অবিবাহিত হতে হবে এবং

(গ) প্রস্তাবিত বিয়েটি তার প্রথম বিয়ে হবে এবং

(ঘ) আবেদনকারীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে/গত ৫ বছর যাবৎ পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে/পিতা-মাতাকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং

(ঙ) যার পারিবারিক বাৎসরিক আয় ১ লক্ষ ৫০ হাজার টাকা বা তার কম হবে এবং

(চ) পাত্রের বয়স অন্ততঃ ২১ বছর হবে এবং

(ছ) তার নামে এমন একটি এমন একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকবে যার IFS কোড ও MICR কোড আছে।

এই প্রকল্পের আবেদনপত্র সংশ্লিষ্ট ব্লক, সাব-ডিভিশন, মিউনিসিপাল কর্পোরেশন এবং কলকাতা কর্পোরেশনের ক্ষেত্রে বরো

অফিস বা ওয়ার্ড অফিস থেকে বিনামূল্যে পাওয়া যাবে। এই ফর্ম <http://www.wbcdwds.gov.in> পোর্টাল থেকেও পাওয়া যাবে।

নিম্নলিখিত নথিগুলি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে :

- ক) আবেদনকারীর বয়সের প্রমাণপত্র উল্লেখ্য তথ্যের স্বপ্রত্যায়িত ফটোকপি : জন্ম শংসাপত্র, ভোটার এপিক কার্ড/প্যান কার্ড/মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/আধার কার্ড/সরকার অনুমোদিত বিদ্যালয় ছাড়ার শংসাপত্র,
- খ) অবিবাহিতা মর্যাদা : কখনোই বিবাহ করেননি, এই মর্মে আবেদনকারীর স্বঘোষণা,
- গ) পারিবারিক আয় : আবেদনকারীর স্বঘোষণা,
- ঘ) বসবাসের প্রমাণপত্র : আবেদনকারীর স্বঘোষণা,
- ঙ) ব্যাঙ্ক অ্যাকাউন্ট : ব্যাঙ্কের বইয়ের যে পাতাগুলিতে অ্যাকাউন্ট হোল্ডারের নাম, অ্যাকাউন্ট নং, ব্যাঙ্কের নাম-ঠিকানা, IFS কোড ও MICR কোড এবং অন্যান্য তথ্যাদি আছে সেই পাতা/গুলি আবেদনকারী দ্বারা স্বপ্রত্যায়িত নকল,
- চ) প্রস্তাবিত বিবাহের প্রমাণ : উল্লেখ্য যেকোনো একটি: বিবাহের নিমন্ত্রণের কার্ড/বিবাহ নথিভুক্তকরণের নোটিশ (ম্যারেজ রেজিস্ট্রেশন নোটিশ)/স্বঘোষণা,
- ছ) প্রস্তাবিত পাত্রের বয়সের প্রমাণপত্র : নিম্নোক্তগুলির মধ্যে যে কোনো একটি : জন্ম শংসাপত্র/ভোটার এপিক কার্ড/প্যান কার্ড/মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/আধার কার্ড/প্রাথমিক বিদ্যালয় ছাড়ার শংসাপত্র (প্রস্তাবিত পাত্রের দ্বারা প্রত্যায়িত),
- জ) আবেদনকারী এবং প্রস্তাবিত পাত্রের সাম্প্রতিক রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।

সকল প্রয়োজনীয় কাগজপত্র এবং শংসাপত্র দিয়ে সম্পূর্ণ আবেদনপত্রটি আবেদকের বসবাসের এলাকার সংশ্লিষ্ট ব্লক অফিসে, সাব-ডিভিশন অফিসে অথবা মিউনিসিপাল কর্পোরেশনের কমিশনারের অফিসে জমা দিতে হবে এবং প্রস্তাবিত বিবাহের তারিখের ৩০ থেকে ৬০ দিন আগে জমা দিতে হবে।

আরো জানতে হলে রূপশ্রী পোর্টাল [www.wbrupashree.gov.in](http://www.wbrupashree.gov.in) দেখতে হবে।

### **কর্মপদ্ধতি/দায়িত্ব :**

ডেস্কের কর্মীদের জন্য-

- ক) যদি কেউ রূপশ্রী প্রকল্প সম্পর্কে জানতে চায়, তাদের বুঝিয়ে বলতে হবে ও রূপশ্রী প্রকল্পের তথ্য সম্বলিত IEC দিতে হবে,
- খ) যদি কেউ রূপশ্রী প্রকল্পে আবেদন করতে চায়, তাদের রূপশ্রীর ফর্ম ও প্রয়োজনীয় নথির তালিকা দিতে হবে। ফর্ম জমা নেওয়া হলে তাকে acknowledgment slip দিতে হবে। যদি সে পড়ে ফর্ম জমা করতে চায় তবে কোথায় জমা করবে সেটা তাকে বলে দিতে হবে।
- গ) যদি কেউ কোনো অভিযোগ নিয়ে আসে, তবে [www.wbrupashree.gov.in](http://www.wbrupashree.gov.in) পোর্টালে গিয়ে তার ফর্ম নং দিয়ে তার আবেদনপত্রের পরিস্থিতি যাচাই করে সমাধান করে দিতে হবে।

### **District Organiser-দের ভূমিকা:**

- রূপশ্রী ডেস্ক গঠন ও সমস্ত প্রয়োজনীয় জিনিসের ব্যবস্থা করা
- কর্মীদের নিয়োগ করা
- প্রকল্প বিষয়ে কর্মীদের যথোপযুক্ত প্রশিক্ষণ দেওয়া